জ্ঞানেশের ইস্তফা চেয়ে মিছিলে পুলিশের বাধা, আটক শতাধিক

আবু হায়াত বিশ্বাস

দিল্লি, ২৩ অক্টোবর

মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের ইস্তফার দাবিতে ফের উত্তপ্ত দিল্লি। 'পিপ্‌ল এগেন্‌স্ট এসআইআর'–এর দিল্লি সমন্বয় কমিটির ডাকে শুক্রবার বিকেলে গোল ডাকখানা চক থেকে মিছিল শুরু হয়। তবে ককরোচ বা বিরোধীদের ডাকা বিক্ষোভ মিছিলের তুলনায় এদিনের মিছিল ছিল তুলনায় অনেক ছোট। নির্বাচন কমিশনের দপ্তর থেকে অল্প দূরত্বে জমায়েত হন বিক্ষোভকারীরা। তাঁদের হাতে ছিল জাতীয় পতাকা ও ব্যানার। উপস্থিত ছিলেন সিপিএম নেত্রী বৃন্দা কারাট, বাম ছাত্র সংগঠন, কৃষক সংগঠনের নেতা–কর্মীরা। এছাড়াও সমাজকর্মী যোগেন্দ্র যাদব এবং বিভিন্ন গণসংগঠনের প্রতিনিধিরা হাজির ছিলেন। পরিস্থিতি সামাল দিতে আগে থেকেই সেন্ট্রাল দিল্লি এলাকায় মোতায়েন করা হয় দিল্লি পুলিশ ও র‍্যাপিড অ্যাকশন ফোর্সের প্রচুর জওয়ান। জমায়েত নিয়ন্ত্রণে ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার ১৬৩ ধারা জারি করা হয়েছিল।

গোল ডাকখানা চক থেকে নির্বাচন কমিশনের সদর দপ্তর অভিমুখে মিছিল এগোতেই বাধা দেয় পুলিশ। আটক করা হয় শতাধিক বিক্ষোভকারীকে। পুলিশের বাধার মুখে রাস্তায় বসেই 'জনতার সংসদ' আয়োজন করেন আন্দোলনকারীরা। এদিন নির্বাচন কমিশনের দপ্তর থেকে ঢিলছোড়া দূরত্বে গুরদোয়ারা বাংলা সাহিবের সামনে জমায়েত হয়েছিলেন অন্য একদল বিক্ষোভকারী। এদিনই হিমাচল প্রদেশের পালামপুরে বিক্ষোভ প্রদর্শনে অংশ নেন আইনজীবী ও সমাজকর্মী প্রশান্ত ভূষণ। এদিকে, এসআইআর–বিরোধী আন্দোলন চালিয়ে যাওয়ার কথা ঘোষণা করেছে ককরোচ পার্টি। শুক্রবার পৃথক মামলায় বিশেষ এগ্‌জিকিউটিভ ম্যাজিস্ট্রেটের সামনে হাজির হন দলের নেতা সৌরভ দাস ও আশুতোষ রাঙ্কা। সৌরভের দাবি, জ্ঞানেশ কুমারকে পদত্যাগ করতেই হবে।

এদিকে, এদিন আইসা নেত্রী নেহা বোরার আর্জি খারিজ করেছে দিল্লি হাইকোর্ট। শান্তি বজায় রাখার শর্তে ১০ হাজার টাকার ব্যক্তিগত বন্ড জমা দেওয়ার নির্দেশকে চ্যালেঞ্জ করে দিল্লি হাইকোর্টে আবেদন করেছিলেন নেহা। সেই আবেদন খারিজ করে দিল আদালত। তবে মামলার শুনানিতে বিশেষ নির্বাহী ম্যাজিস্ট্রেটকে (এসইএম) কয়েকটি গুরুত্বপূর্ণ নির্দেশ দিয়েছে বিচারপতি সুব্রামোনিয়াম প্রসাদের বেঞ্চ। আদালতের নির্দেশ, নেহাকে মামলার যাবতীয় নথি ও প্রাসঙ্গিক তথ্য সরবরাহ করতে হবে। আদালত জানায়, নেহার আবেদন খারিজ করা হলেও সংশ্লিষ্ট ম্যাজিস্ট্রেটকে কয়েকটি বিষয় বিবেচনা করতে হবে। বিশেষত, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার (বিএনএসএস) ১৩৫ নম্বর ধারার প্রয়োগ কীভাবে হবে, তা খতিয়ে দেখতে হবে ম্যাজিস্ট্রেটকে। তদন্তের একেবারে প্রথম পর্যায়েই ব্যক্তিগত বন্ড জমা দেওয়া বাধ্যতামূলক কি না, নাকি তদন্ত চলাকালীন নতুন কোনও ঘটনা ঘটলে এবং শান্তি বিঘ্নিত হওয়ার আশঙ্কা তৈরি হলেই এমন নির্দেশ কার্যকর করা যেতে পারে, তা বিবেচনা করার কথা জানিয়েছে উচ্চ আদালত।

ভারত-চীন সঙ্ঘর্ষ চলছেই অরুণাচলে: আইটিবিপি-প্রধান

আজকালের প্রতিবেদন

দিল্লি, ২৩ অক্টোবর

অরুণাচল প্রদেশে ভারত–চীন সীমান্তের একাধিক জায়গায় চীনা সেনার সঙ্গে ভারতীয় বাহিনীর মুখোমুখি সঙ্ঘাতের পরিস্থিতি এখনও অব্যাহত রয়েছে, জানিয়েছেন ইন্দো–টিবেটান বর্ডার পুলিশের (আইটিবিপি) ডিরেক্টর জেনারেল শত্রুজিৎ সিং কাপুর। তাঁর এই মন্তব্যকে ঘিরে জাতীয় রাজনীতিতে শুরু হয়েছে বিতর্ক। সীমান্তে চীনের সঙ্গে সঙ্ঘাতের পরিস্থিতি নিয়ে কেন্দ্রীয় সরকার নীরব কেন, এই প্রশ্ন তুলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে নিশানা করেছে কংগ্রেস। বিরোধীদের অভিযোগ, চীনের সঙ্গে সম্পর্কের ক্ষেত্রে কেন্দ্রের নীতি নিয়ে প্রশ্ন থাকলেও দেশবাসীকে প্রকৃত পরিস্থিতি জানানো হচ্ছে না।

বৃহস্পতিবার রাজস্থানের আলওয়ারে আইটিবিপির জওয়ানদের উদ্দেশে ভাষণ দেওয়ার সময় অরুণাচল সীমান্ত পরিস্থিতি নিয়ে এই মন্তব্য করেন কাপুর। বাহিনীর শৌর্য কমান্ডোদের সাহসিকতার প্রশংসা করতে গিয়ে তিনি বলেন, গত কয়েক দিনে অরুণাচল প্রদেশের বেশ কয়েকটি জায়গায় মুখোমুখি সঙ্ঘাতের পরিস্থিতি তৈরি হয়েছে এবং তা এখনও চলছে। সীমান্ত পরিস্থিতি নিয়ে সরকারি স্তরে এই মন্তব্য সামনে আসার পরেই কেন্দ্রের কাছে জবাবদিহি দাবি করেছে বিরোধীরা। শুক্রবার কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়্গে অভিযোগ করেন, চীনের সঙ্গে সীমান্ত–সঙ্ঘাত এবং ক্রমবর্ধমান বাণিজ্য–ঘাটতি নিয়ে দেশবাসীকে অন্ধকারে রাখা হচ্ছে।

১০ বিধায়কের পদ খারিজে শীর্ষ কোর্টে ফের শোভনদেব

আজকালের প্রতিবেদন

দিল্লি, ২৩ অক্টোবর

তৃণমূলের ১০ বিদ্রোহী বিধায়কের সদস্যপদ খারিজের দাবিতে ফের দেশের সর্বোচ্চ আদালতের দ্বারস্থ হয়েছেন শোভনদেব চট্টোপাধ্যায়। সম্প্রতি তিনি একটি স্পেশ্যাল লিভ পিটিশন (এসএলপি) ফাইল করেছেন সুপ্রিম কোর্টে। জানা গিয়েছে, আগামী সপ্তাহে সেই আবেদনের শুনানি হতে পারে সুপ্রিম কোর্টে। এর আগে শোভনদেবের দায়ের করা মামলায় আদালত আশা ব্যক্ত করে বলেছিল, বিধানসভার স্পিকার যুক্তিসঙ্গত সময়ের মধ্যে সংশ্লিষ্ট বিধায়কদের অযোগ্যতা সংক্রান্ত বিষয়ে সিদ্ধান্ত নেবেন। 'কেশম মেঘচন্দ্র সিং বনাম মণিপুর বিধানসভা' মামলার নজির টেনে গত ২৮ সেপ্টেম্বর প্রধান বিচারপতির বেঞ্চ এও জানায়, বিধায়কদের অযোগ্যতার এই ধরনের আবেদনের নিষ্পত্তি তিন মাসের মধ্যে হওয়াই বিধেয়। বিদ্রোহী বিধায়কদের পদ খারিজের যে আবেদন পশ্চিমবঙ্গ বিধানসভার স্পিকারের কাছে করা হয়েছিল, ৮ অক্টোবর তার তিন মাস পূর্ণ হয়েছে। তিন মাসের সময় পেরিয়ে গেলেও স্পিকার কোনও সিদ্ধান্ত না নেওয়ায় ফের আদালতের দ্বারস্থ হয়েছেন মমতাপন্থী তৃণমূল নেতা শোভনদেব। এদিন তৃণমূল নেতা ও আইনজীবী কল্যাণ ব্যানার্জি জানিয়েছেন, কয়েকদিন আগেই পিটিশন ফাইল করা হয়েছে। শিগগিরই এই মামলার শুনানি হতে পারে।

সান্ধু-যোশির অভিযোগ, তবু নিষ্ক্রিয় ক্যাবিনেট সচিব

আজকালের প্রতিবেদন

দিল্লি, ২৩ অক্টোবর

নির্বাচন কমিশনের এক আধিকারিকের বিরুদ্ধে দুই নির্বাচন কমিশনারের অভিযোগের ভিত্তিতে কোনও পদক্ষেপ করেনি কেন্দ্রীয় ক্যাবিনেট সচিবালয়। তথ্যের অধিকার আইন (আরটিআই)–এর আওতায় প্রকাশিত নথি থেকে এই তথ্য সামনে এসেছে। ক্যাবিনেট সচিব টি ভি সোমনাথনের মতে, সামগ্রিক ভাবে নির্বাচন কমিশনের কোনও আনুষ্ঠানিক অভিযোগ না থাকায় দুই কমিশনারের ব্যক্তিগত চিঠির ভিত্তিতে পদক্ষেপ করা অনুচিত হতে পারে। নির্বাচন কমিশনার সুখবীর সিং সান্ধু ও বিবেক যোশি গত ২৯ জুলাই ক্যাবিনেট সচিবকে পৃথক দুটি চিঠি পাঠিয়েছিলেন। তাঁদের অভিযোগ ছিল, নির্বাচন কমিশনের সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার মণীশ গর্গ কমিশনের অনুমোদন ছাড়াই বিভিন্ন আধিকারিকের কাজের দায়িত্ব বণ্টনে পরিবর্তন এনেছেন।

মণীশ গর্গ ২০২৪ সালের ২ সেপ্টেম্বর থেকে নির্বাচন কমিশনে নিযুক্ত রয়েছেন। দুই কমিশনারের দাবি, সংশ্লিষ্ট আধিকারিকের এই পদক্ষেপ প্রতিষ্ঠিত প্রশাসনিক প্রথার পরিপন্থী এবং ২০২৩ সালের সংশ্লিষ্ট আইনকে তা লঙ্ঘন করেছে। তাঁদের অভিযোগ, এ ধরনের পরিবর্তনের আগে কমিশনের সঙ্গে আলোচনা এবং অনুমোদন নেওয়ার বিষয়ে বারবার মৌখিক ও লিখিত নির্দেশ দেওয়া হয়েছিল। আরটিআইয়ে করা প্রশ্নের জবাবে ক্যাবিনেট সচিবালয় জানিয়েছে, 'নির্বাচন কমিশনাররা ব্যক্তিগত উদ্যোগে চিঠি পাঠিয়েছেন। বিষয়টি গুরুত্বের সঙ্গে দেখা হলেও সমগ্র নির্বাচন কমিশনের তরফে আনুষ্ঠানিক ভাবে কিছু জানানো হয়নি।'

আরটিআই তথ্য

তিব্বতে ভূমিকম্প, মৃত অন্তত ১৮

সংবাদ সংস্থা

লাসা, ২৩ অক্টোবর

তিব্বতে শক্তিশালী ভূমিকম্পে অন্তত ১৮ জনের মৃত্যু হয়েছে। আহত ৭০–এর কাছাকাছি। মাটির সঙ্গে মিশে গিয়েছে ৩ হাজার ৩৩৯টিরও বেশি বাড়ি। বৃহস্পতিবার রাত ৮টা ৩ মিনিটে (স্থানীয় সময় ১০টা ৩৩ মিনিটে) তিব্বত ও চীন–সংলগ্ন অঞ্চলে ৭ মাত্রার ভূমিকম্প হয়। নাগকু অঞ্চলের বাকেন কাউন্টি ছিল ভূমিকম্পের কেন্দ্রস্থল। নাগকু থেকে প্রায় ১৯০ কিলোমিটার উত্তর–পূর্বের এই পাহাড়ি অঞ্চলটি তিব্বতের রাজধানী লাসা থেকে ৩৯০ কিলোমিটার উত্তর–পূর্বে। ভূমিকম্পের পর জরুরি অবস্থা ঘোষণা করেছে প্রশাসন। বিচ্ছিন্ন হয়ে পড়ে বিদ্যুৎ সরবরাহ। তবে শুক্রবার সকালে কয়েকটি এলাকায় বিদ্যুৎ পরিষেবা চালু হয়। ১২ হাজার ৫০০–রও বেশি মানুষকে নিরাপদ এলাকায় সরিয়ে নিয়ে যাওয়া হয়েছে। ভূমিকম্পের কেন্দ্রস্থলের কাছাকাছি এলাকায় সাতটি আফটারশকের কথা জানা গিয়েছে। সবচেয়ে শক্তিশালী আফটারশকটির মাত্রা ছিল ৫.২। এক প্রত্যক্ষদর্শীর কথায়, কম্পনের তীব্রতা এতটাই বেশি ছিল যে, তাঁর মনে হচ্ছিল, যেন কয়েকশো চমরী গাই একসঙ্গে তাঁদের পাশ দিয়ে ছুটে যাচ্ছে। বাড়ির ভেতরে আটকে পড়ার আশঙ্কায় বহু বাসিন্দা হাড়–কাঁপানো ঠান্ডার মধ্যেও রাত বাইরে কাটিয়েছেন। চীনের রাষ্ট্রীয় সংবাদমাধ্যম শুক্রবার সকালে জানিয়েছে, মূল ভূমিকম্পের পরের আফটারশকের সংখ্যা নাকি ৪০০–রও বেশি।

নেপালকে ২ কোটি ডলার

সংবাদ সংস্থা

কাঠমান্ডু, ২৩ অক্টোবর

বন্যাবিধ্বস্ত নেপালকে ২ কোটি ডলার আর্থিক সাহায্য করার সিদ্ধান্ত নিল রাষ্ট্রপুঞ্জ। ক্ষতিগ্রস্তদের সাহায্যের পাশাপাশি তাঁদের ঘরবাড়ি, রাস্তাঘাট ও অন্যান্য গুরুত্বপূর্ণ পরিকাঠামো পুনর্নির্মাণের উদ্দেশ্যে এই টাকা দেওয়া হবে। দুর্যোগ–পরবর্তী তহবিলের এক জরুরি সভায় এই সিদ্ধান্ত নিয়েছে রাষ্ট্রপুঞ্জ। এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন নেপালের অর্থমন্ত্রী স্বর্ণিম ওয়াগলে। তিনি বলেন, 'আমাদের চিঠি পাওয়ার পর ওরা যে ভাবে জরুরি বৈঠক ডেকে রাষ্ট্রপুঞ্জ ২ কোটি ডলার সাহায্যের অনুমোদন দিয়েছে, তা প্রশংসাযোগ্য।'

বিহারে বাজি কারখানায় বিস্ফোরণে ৭ জনের মৃত্যু

সংবাদ সংস্থা

পাটনা, ২৩ অক্টোবর

বিহারের সিওয়ান জেলার আলমপুর গ্রামের একটি বাজি কারখানায় বিস্ফোরণে ৭ জনের মৃত্যু হয়েছে। শুক্রবার বিকেলের ঘটনা। প্রাথমিক তদন্তে উঠে এসেছে, একটি বাড়ির ভেতরে বাজি তৈরি করা হচ্ছিল। সেখানেই এদিন বিস্ফোরণ ঘটে। স্থানীয় বাসিন্দারা কিছু বুঝে ওঠার আগেই চারপাশ কালো ধোঁয়ায় ঢেকে যায়। বিস্ফোরণের সময় বাড়িতে বেশ কয়েক জন উপস্থিত ছিলেন। জানা যাচ্ছে, বাড়িটিতে প্রচুর পরিমাণ বাজি মজুত করে রাখা হয়েছিল। বাড়ির মালিক আতশবাজির ব্যবসার সঙ্গে যুক্ত। বিস্ফোরণের জেরে বাড়িটির সামনের অংশ ধসে পড়েছে। প্রায় দু'ঘণ্টা ধরে বাড়িটি থেকে শব্দ পেয়েছেন স্থানীয় বাসিন্দারা। এর ফলে এলাকায় ব্যাপক আতঙ্ক ছড়ায়। ঘটনাস্থলে যান সিওয়ানের জেলাশাসক বিজয়প্রকাশ মীনা এবং পুলিশ সুপার ভরত সোনি। পুলিশ সুপার বলেন, 'গ্রামের প্রধান জানিয়েছেন, বিস্ফোরণের সময় পরিবারের ৭ জন বাড়ির ভেতরে ছিলেন।' পুলিশ, দমকল, মেডিক্যাল এবং ফরেনসিক টিমও ঘটনাস্থলে যায়। বাড়িটির আশপাশের ২০০ মিটার এলাকা খালি করার আবেদন জানিয়েছে পুলিশ। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, প্রায় ২০ বছর ধরে ওই পরিবার বাজি ব্যবসার সঙ্গে যুক্ত। পুরনো একটি লাইসেন্সও ছিল তাঁদের। তবে সেটি নবীকরণ করা হয়েছে কি না, তা জানা যায়নি।

বেঁক ऑफ़ महाराष्ट्र Bank of Maharashtra
एक परिवार एक बैंक

ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র
জোনাল অফিস (কলকাতা)
ফার্স্ট ফ্লোর, ম্যাকলিওড হাউস, ৩ এন এস রোড
কলকাতা– ৭০০০০১, পশ্চিমবঙ্গ

প্রকাশ্য বিজ্ঞপ্তি

সর্বসাধারণ এবং বিশেষ করে গ্রাহকদের এতদ্বারা জানানো যাচ্ছে যে, ব্যাঙ্কের গ্রাহকদের সুবিধার্থে, ব্যাঙ্ক **এস পি মুখার্জি রোড (শাখা কোড–০৭১৫)** শাখাকে **চৌরঙ্গী রোড (শাখা কোড–০৩৭৬)** শাখার সাথে সংযুক্ত করার সিদ্ধান্ত নিয়েছে।
এটি স্পষ্ট করা হচ্ছে যে, সংযুক্তিকরণ প্রক্রিয়া চলাকালীন এবং সংযুক্তিকরণের পরে ব্যাঙ্কের গ্রাহকদের যাতে কোনো রকম অসুবিধা না হয়, তা নিশ্চিত করার জন্য ব্যাঙ্কের তরফ থেকে যথাযথ সতর্কতা অবলম্বন করা হচ্ছে। সমস্ত সম্মানিত গ্রাহকদের অ্যাকাউন্ট সেই শাখাতেই চলতে থাকবে যেখানে এই সংযুক্তিকরণ হচ্ছে। এতদ্বারা গ্রাহকদের উপরিউক্ত পরিবর্তনের বিষয়টি অনুগ্রহপূর্বক লক্ষ্য করতে অনুরোধ করা হচ্ছে, যা ০১.০১.২০২৭ তারিখ থেকে কার্যকর হবে। উল্লিখিত কার্যকরের তারিখ থেকে তাঁরা যেন নতুন শাখা মারফত তাঁদের অ্যাকাউন্ট পরিচালনা করেন, তা নিশ্চিত করার জন্য তাঁদের আরও অনুরোধ করা হচ্ছে। যে শাখাটি সংযুক্ত হতে চলেছে সেখানে যে সমস্ত গ্রাহকদের লকার রয়েছে বা যাঁরা লকার ব্যবহার করেন, তাঁদের **২৫.১২.২০২৬** তারিখের মধ্যে বা তার আগে তাঁদের লকার পরিচালনা করতে এবং তাঁদের সমস্ত মূল্যবান জিনিসপত্র সরিয়ে নিতে অনুরোধ করা হচ্ছে যাতে কোনো ক্ষতি বা লোকসান না হয়। যদি আরও কোনো স্পষ্টীকরণের প্রয়োজন হয় এবং/ অথবা কোনো অসুবিধার ক্ষেত্রে গ্রাহকরা সংশ্লিষ্ট শাখার শাখা প্রবন্ধকের সাথে যোগাযোগ করতে পারেন।

তারিখ: ২৪.১০.২০২৬
স্থান: কলকাতা

অনুমোদিত আধিকারিক,
ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র

IDBI BANK
(CIN NO: L65190MH2004G01148838)

**আইডিবিআই ব্যাঙ্ক লিমিটেড
কলকাতা, পশ্চিমবঙ্গে অফিস
প্রেমিসেস আবশ্যক**

ব্যাঙ্ক **কলকাতার এসপ্ল্যানেড/ চাঁদনি চক**–এ ইজারায় প্রেমিসেস অধিগ্রহণ করতে ইচ্ছুক যার কার্পেট এরিয়া হবে প্রায় **৯,৫০০ থেকে ১০,০০০ বর্গফুট**, এটি মূল রাস্তা বা মূল রাস্তার সংলগ্ন লেনে অবস্থিত হওয়া বাঞ্ছনীয়, যা ফার্স্ট ফ্লোর এবং তার ওপরের তলে লিফট সুবিধাযুক্ত হতে হবে এবং যার সামনের দিকে ভালো দৃশ্যমানতা, পর্যাপ্ত বিদ্যুৎ সরবরাহ এবং পার্কিংয়ের সুবিধা রয়েছে। উপযুক্ত প্রেমিসেস–এর মালিকানা থাকা আগ্রহী পক্ষগুলি জেনারেল ম্যানেজার ও সিনিয়র রিজিওনাল হেড – রিটেইল অ্যাসেট, কলকাতা–র কাছে নীচে উল্লিখিত ঠিকানায় ১০ দিনের মধ্যে অর্থাৎ **০৩ নভেম্বর, ২০২৬ তারিখ বা তার আগে** সন্ধ্যা ৬টার মধ্যে আবেদন করতে পারেন।

**শ্রী অজয় রূপসিংহ নীলম
জিএম এবং সিনিয়র রিজিওনাল হেড, আরএসি
কলকাতা ক্রেডিট রিজিয়ন, আইডিবিআই হাউস, ৬ নং ফ্লোর,
৪৪ শেক্সপিয়র সরণি, কলকাতা– ৭০০০১৭, পশ্চিমবঙ্গ**

শুধুমাত্র **০৩ নভেম্বর, ২০২৬** তারিখ বা তার আগে সন্ধ্যা ৬টার মধ্যে প্রাপ্ত প্রস্তাবগুলিই গ্রহণ করা হবে। আবেদনটি **'অফার জমা দেওয়ার নির্দেশিকা / গাইডলাইন'** অনুযায়ী করতে হবে। প্রেমিসেস প্রস্তাবকারী এস্টেট এজেন্টদের অবশ্যই বাড়ির মালিকদের কাছ থেকে প্রাপ্ত অনুমোদন পত্র এবং সম্পূর্ণ বিবরণ সহ তাদের প্রস্তাবগুলি জমা দিতে হবে। ব্যাঙ্ক–এর পক্ষ থেকে কোনও ব্রোকারেজ প্রদান করা হবে না। আইডিবিআই ব্যাঙ্ক লিমিটেড কোনও কারণ দর্শানো ছাড়াই যে কোনও বা সমস্ত প্রস্তাব গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে। পারফর্মা এবং অন্যান্য বিবরণ আমাদের ওয়েবসাইট www.idbibank.in–এ নোটিস–টেন্ডার–এর অধীনে ডাউনলোড করা যেতে পারে অথবা আমাদের যে কোনও শাখা থেকে সংগ্রহ করা যেতে পারে।

স্বা/–
চিফ জেনারেল ম্যানেজার
(মুম্বই)

মুম্বই
২৪ অক্টোবর, ২০২৬

ইন্ডিয়ান ব্যাঙ্ক Indian Bank
ইলাহাবাদ ALLAHABAD

**দখল বিজ্ঞপ্তি
(স্থাবর সম্পত্তির জন্য)**

গলসি ব্রাঞ্চ
এনএইচ ২, গলসি, জেলা– পূর্ব বর্ধমান, পশ্চিমবঙ্গ, পিন– ৭১৩৪০৬
ই মেল: g074@indianbank.bank.in

[সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(১) অধীনে]

যেহেতু:
ইন্ডিয়ান ব্যাঙ্ক (পূর্বতন এলাহাবাদ ব্যাঙ্ক)–এর অনুমোদিত আধিকারিক রূপে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ২০০২–এর রুল ৮ ও ৯–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে আমাদের **গলসি ব্রাঞ্চের** ঋণগ্রহীতা:
১. **মা কালী বাগানে বুড়ি ট্রেডার্স,** গ্রাম–সোনাদা, পোস্ট–গোহাগ্রাম, থানা গলসি, জেলা–পূর্ব বর্ধমান, পশ্চিমবঙ্গ, পিন–৭১৩৪০৬
২. **মিঃ গোবিন্দ চন্দ্র কারক (ঋণগ্রহীতা ও বন্ধকদাতা),** পিতা প্রয়াত চারু চন্দ্র কারক, গ্রাম–সোনাদা, পোস্ট–গোহাগ্রাম, থানা গলসি, জেলা–পূর্ব বর্ধমান, পশ্চিমবঙ্গ, পিন–৭১৩৪০৬
৩. **মিঃ তারক চন্দ্র কারক (জামিনদার ও বন্ধকদাতা),** পিতা প্রয়াত চারু চন্দ্র কারক, গ্রাম–সোনাদা, পোস্ট–গোহাগ্রাম, থানা গলসি, জেলা–পূর্ব বর্ধমান, পশ্চিমবঙ্গ, পিন–৭১৩৪০৬
৪. **মিঃ মুকুন্দ চন্দ্র কারক (জামিনদার ও বন্ধকদাতা),** পিতা প্রয়াত চারু চন্দ্র কারক, গ্রাম–সোনাদা, পোস্ট–গোহাগ্রাম, থানা গলসি, জেলা–পূর্ব বর্ধমান, পশ্চিমবঙ্গ, পিন–৭১৩৪০৬
এর প্রতি **১১.০৮.২০২৬** তারিখ সংবলিত একটি **দাবি বিজ্ঞপ্তি** জারি করেছিলেন, যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে উক্ত দাবি বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক বাবদ **₹১৫,১৩,১১৭.০০** (পনেরো লক্ষ তেরো হাজার একশো সতেরো টাকা মাত্র) তৎসহ সুদ পরিশোধ করার জন্য আহ্বান জানানো হয়েছিল।
উক্ত ঋণগ্রহীতা ও জামিনদার দাবিকৃত অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত ওই ঋণগ্রহীতা, জামিনদার এবং জনসাধারণের প্রতি বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী **১৬ অক্টোবর, ২০২৬** তারিখে উক্ত রুলসমূহের রুল নং ৮ ও ৯–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।
বিশেষত ওই ঋণগ্রহীতা ও জামিনদার এবং জনসাধারণকে এতদ্দ্বারা উক্ত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও ধরনের লেনদেন **১১.০৮.২০২৬** তারিখের ভিত্তিতে **₹১৫,১৩,১১৭.০০** (পনেরো লক্ষ তেরো হাজার একশো সতেরো টাকা মাত্র) তৎসহ উদ্ভূত সুদ ও খরচ সমেত **ইন্ডিয়ান ব্যাঙ্ক (পূর্বতন এলাহাবাদ ব্যাঙ্ক), গলসি ব্রাঞ্চ**–এর প্রতি দায় সাপেক্ষ হবে।
'সুরক্ষিত পরিসম্পদ ছাড়িয়ে নিতে আপনাদের প্রাপ্য অধিকারগুলি সম্পর্কিত বিষয়ে সারফায়েসি অ্যাক্টের ১৩(৮) নং ধারা ও এর অধীনে রচিত রুলসমূহের সংস্থানগুলির প্রতি আমরা আপনাদের মনোযোগ আকর্ষণ করছি।'
স্থাবর সম্পত্তির বিবরণ : জমি ও দোতলা আবাসিক বাড়ি ও কাঠামোর সমগ্র ও অবিচ্ছেদ্য অংশ, যার অবস্থান: পুর হোল্ডিং নং ৩৩, মৌজা–কৃষ্ণনগর, গ্রাম–সোনাদা (প্লট নং ৭০, খতিয়ান নং ১৫৩, কৃ ৪৮ ও ৭৬, জে এল নং ৮১, জমির মাপ ০.০৬ একর), পোঃ গোহাগ্রাম, থানা গলসি, জেলা পূর্ব বর্ধমান, পশ্চিমবঙ্গ, পিন–৭১৩৪২৮। **চৌহদ্দি সকল দিকের বিবরণ:** উত্তর: মালিকের অন্য প্লট; দক্ষিণ: গ্রামের রাস্তা; পূর্ব: মালিকের অন্য প্লট; পশ্চিম: ৬ ফুট চওড়া প্যাসেজ।

তারিখ: ১৬.১০.২০২৬ / স্থান: গলসি
অনুমোদিত আধিকারিক / ইন্ডিয়ান ব্যাঙ্ক

SBI
ভারতীয় স্টেট ব্যাঙ্ক
কেন্দ্রীয় নিয়োগ ও পদোন্নতি দপ্তর,
কর্পোরেট সেন্টার, মুম্বাই
ফোন: 022-22820427

আবেদন করার জন্য QR স্ক্যান করুন

নির্দিষ্ট মেয়াদের চাকরির ভিত্তিতে বিশেষজ্ঞ ক্যাডার-এ অফিসার নিয়োগ

নির্দিষ্ট মেয়াদের চাকরির ভিত্তিতে নিম্নলিখিত পদগুলির জন্য যোগ্য ভারতীয় নাগরিকদের কাছ থেকে আবেদন আহ্বান করা হচ্ছে:

বিজ্ঞাপন নম্বর CRPD/SCO/2026-27/30

পদের নাম	শূন্য পদ	30.09.2026 তারিখের নিরিখে বয়স (বছর)	
		সর্বনিম্ন	সর্বোচ্চ
জিএম এবং চিফ এআই অফিসার	1	40	55
ডিজিএম (রিস্ক অ্যান্ড অপারেশনাল অ্যানালিটিক্স)	1	35	50
ডিজিএম (এআই গভর্নেন্স অ্যান্ড কমপ্লায়েন্স)	1		
ডিজিএম (ডেটা ইঞ্জিনিয়ারিং, মডেল অ্যাপ্লিকেশন ডেভ এবং এআই অপস)	1		
এআই সলিউশন আর্কিটেক্ট	1	30	45
এন্টারপ্রাইজ এআই আর্কিটেক্ট	1		

যোগ্যতার মানদণ্ড (বয়স, অভিজ্ঞতা, কাজের পরিধি ইত্যাদি), শূন্য পদের বিবরণ, প্রয়োজনীয় ফি এবং অন্যান্য বিশদ বিবরণের জন্য ব্যাঙ্কের ওয়েবসাইট https://sbi.bank.in/web/careers/current-openings-এ লগ ইন করুন। অনলাইনে আবেদন জমা দেওয়ার পাশাপাশি, আবেদনের অনলাইনে অর্থপ্রদানের লিঙ্কে ফি পাঠানোর আগে, বিশদে বিজ্ঞাপন পড়ে যোগ্যতা এবং অন্যান্য বিবরণ নিশ্চিত করে নিন। যে কোনো প্রশ্নের জন্য, অনুগ্রহ করে আমাদের ব্যাঙ্কের ওয়েবসাইটে উপলব্ধ এই লিঙ্ক (https://bank.sbi/web/careers/post-your-query)-এ গিয়ে "CONTACT US" —> "Post Your Query"-তে লিখে জানান।

- অনলাইনে আবেদন এবং ফি প্রদানের তারিখ: 19.10.2026 থেকে 09.11.2026 পর্যন্ত।

স্থান: মুম্বাই
তারিখ: 19.10.2026

মহাপ্রবন্ধক (আরপি এবং পিএম)

GRIHUM HOUSING FINANCE

গৃহম হাউজিং ফিনান্স লিমিটেড
রেজিস্টার্ড অফিস: ফ্লোর নং ৬, 'বি' বিল্ডিং, গঙ্গা ট্রুনো, লোহেগাঁও, পুনে, মহারাষ্ট্র–৪১১০১৪

**পরিশিষ্ট–IV [রুল ৮(১) দ্রষ্টব্য]
দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য)**

যেহেতু, উপরিলিখিত কর্পোরেট/ রেজিস্টার্ড অফিস সংবলিত **গৃহম হাউজিং ফিনান্স লিমিটেড,** (এখানে এর পরে 'সুরক্ষিত ঋণদাতা' হিসেবে উল্লিখিত)–এর অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৩–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (এখানে এর পরে 'উক্ত অ্যাক্ট' হিসেবে উল্লিখিত)–এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে নিম্নোক্ত ঋণগ্রহীতাগণের প্রতি নীচে লেখা তারিখ সংবলিত দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক পরিশোধের জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল।
উক্ত ঋণগ্রহীতাগণ দাবিকৃত অর্থাঙ্ক পরিশোধে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত ওই ঋণগ্রহীতাগণ এবং জনসাধারণের প্রতি এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী নীচে লেখা তারিখে সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল নং ৮–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) নং ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।
বিশেষত উক্ত ঋণগ্রহীতাগণ এবং জনসাধারণকে এতদ্দ্বারা এই সম্পত্তিগুলি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং এই সম্পত্তিগুলি নিয়ে যে–কোনও লেনদেন দাবিকৃত অর্থাঙ্ক ও এর ওপর সুদ সমেত সুরক্ষিত ঋণদাতার প্রতি দায় সাপেক্ষ হবে।
সুরক্ষিত পরিসম্পদ ছাড়িয়ে নিতে প্রাপ্য সময়সীমা সম্পর্কিত বিষয়ে উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থানগুলির প্রতি সংশ্লিষ্ট ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে। দখল নেওয়া সম্পত্তিগুলির বিশদ তথ্য নিম্নরূপ:

ক্রম নং	ঋণগ্রহীতার নাম	সম্পত্তির বিবরণ	দখলের তারিখ	বিধিবদ্ধ দাবি বিজ্ঞপ্তির তারিখ	দাবিকৃত অর্থাঙ্ক (₹)
১	সামস রেজা, জেনি খাতুন	পাকা দোকানঘরের সমগ্র ও অবিচ্ছেদ্য অংশ, মাপ ২১০ বর্গফুট, আর এস প্লট নং ৮৯৬, এল আর প্লট নং ৮৯৬, এল আর খতিয়ান নং ৪৪২ (পুরাতন) এবং ২৮০৪ (নতুন), মৌজা দক্ষিণ জিভাকা, জে এল নং ৯৩, তৌজি নং ৭, পরগনা সূর্যপুর, থানা চোপড়া, অ্যাডিশনাল ডিস্ট্রিক্ট সাব রেজিস্ট্রার চোপড়ার অফিসে নথিভুক্ত, জেলা উত্তর দিনাজপুর (পশ্চিমবঙ্গ)। **উক্ত জমির চৌহদ্দি: উত্তর:** আবদুল মান্নানের দোকানঘর; **দক্ষিণ:** আবদুল কাদেরের দোকানঘর; **পূর্ব:** রতন সাহার জমি; **পশ্চিম:** আবদুল কাদেরের দোকানঘর। মাপ : ২১০ বর্গফুট।	২১.১০.২০২৬	০৯.০৭.২০২৬	**লোন অ্যাকাউন্ট নং: LAP06212000000005007879 ₹১১৪৪৯৭৩/–** (এগারো লক্ষ চুয়াল্লিশ হাজার নশো তিয়াত্তর টাকা মাত্র), ০৯.০৭.২০২৬ **অনুযায়ী** প্রদেয়, তৎসহ পরিশোধের তারিখ পর্যন্ত বার্ষিক ১৭.৭% হারে সুদ

স্থানীয় ভাষায় প্রকাশিত বিজ্ঞপ্তির সঙ্গে ইংরেজি সংবাদপত্রে প্রকাশিত বিজ্ঞপ্তির বিষয়বস্তুতে কোনও ফারাক পরিলক্ষিত হলে, ইংরেজি ভাষায় 'বিজনেস স্ট্যান্ডার্ড' সংবাদপত্রে প্রকাশিত বিজ্ঞপ্তির বিষয়বস্তু সঠিক হিসেবে গণ্য হবে।

স্থান: পশ্চিমবঙ্গ; তারিখ: ২৪.১০.২০২৬
স্বাঃ– অনুমোদিত আধিকারিক, গৃহম হাউজিং ফিনান্স লিমিটেড

pnb Housing Finance Limited
Ghar Ki Baat

পরিশিষ্ট–IV–A — স্থাবর সম্পত্তি(সমূহ) ই–নিলাম বিক্রির বিজ্ঞপ্তি
সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর অধীনে স্থাবর পরিসম্পদসমূহ বিক্রির জন্য ই–নিলাম বিক্রির বিজ্ঞপ্তি

রেজিস্টার্ড অফিস: ফ্লোর নং ৯, অন্তরীক্ষ ভবন, ২২, কস্তুরবা গান্ধী মার্গ, নতুন দিল্লি–১১০০০১। ফোন: ০১১–২৩৩৫৭১৭১, ২৩৩৫৭১৭২, ২৩৭০৫৪১৪, ওয়েবসাইট: www.pnbhousing.com শাখা: ফ্লোর নং ৫, সাউথ ব্লক, প্রেমিসেস নং ৭, কিড স্ট্রিট, কলকাতা–৭০০০১৬

এতদ্দ্বারা জনসাধারণ–সহ বিশেষত নীচের টেবিলে কলাম নং 'A'–তে উল্লিখিত ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর প্রতি এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, মেসার্স পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড/সুরক্ষিত ঋণদাতা–এর অনুমোদিত আধিকারিক দ্বারা নীচের টেবিলে কলাম নং 'D'–তে বর্ণিত সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দ্বারা গঠনমূলক/ বাস্তবিক দখল (কলাম নং 'C'–তে উল্লেখমতো) নেওয়া ও সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ স্থাবর সম্পত্তিগুলি নীচে উল্লিখিত বিশদ তথ্য অনুযায়ী **'যেখানে আছে, যেমন আছে, যা কিছু আছে'** ভিত্তিতে বিক্রি করা হবে। নীচের টেবিলে কলাম নং 'A' তে উল্লিখিত ঋণগ্রহীতা(গণ)/ বন্ধকদাতা(গণ)/ সংশ্লিষ্ট ঋণগ্রহীতাগণ বা বন্ধকদাতাগণের (প্রয়াত হলে) আইনি উত্তরাধিকারীগণ (জ্ঞাত বা অজ্ঞাত), এগজিকিউটর(গণ), অ্যাডমিনিস্ট্রেটর(গণ), সাক্সেসর(গণ), অ্যাসাইনি(গণ) (প্রযোজ্যমতো)–এর প্রতি এই হাল তারিখ সম্পত্তির সংশোধনী–সহ পঠনীয় সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬) ও ৯–এর সংস্থানাধীনে এতদ্দ্বারা এই বিজ্ঞপ্তিটি জারি করা হচ্ছে। বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক মেসার্স পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড/ সুরক্ষিত ঋণদাতার এই ওয়েবসাইট দেখুন: www.pnbhousing.com.

লোন অ্যাকাউন্ট নম্বর/ ঋণগ্রহীতা/ সহ–ঋণগ্রহীতা/ জামিনদার(গণ)/ আইনি উত্তরাধিকারীর নাম (A)	দাবিকৃত অর্থাঙ্ক ও তারিখ (B)	দখলের প্রকৃতি (C)	বন্ধক রাখা সম্পত্তির বিবরণ (D)	সংরক্ষণ মূল্য (আরপি) (E)	ইএমডি (আরপি–র ১০%) (F)	ডাক জমার শেষ তারিখ (G)	ডাক বাড়ানোর হার (H)	পরিদর্শনের তারিখ ও সময় (I)	নিলামের তারিখ ও সময় (J)	জ্ঞাত দায়/ বিচারাধীন মামলা (যদি থাকে) (K)
HOU/ KOL/ 0920/ 817358, NHL/ KOL/ 0523/ 1119349 শাখা অফিস: কলকাতা রাজেশ সাহা / প্রিয়াঙ্কা সাহা	₹ ১১,২২,৬০৫.০০ ০৪.১১.২০২৫ অনুযায়ী	বাস্তবিক দখল	বকুল জ্যোতি' নামক বিল্ডিংয়ের ৪ নং ফ্লোরে দক্ষিণ–পশ্চিম ভাগে সামান্য কমবেশি ৭১০ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া বিশিষ্ট ও '৪এ' নম্বরযুক্ত ফ্ল্যাটের অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা– কেরুলিয়া, জে এল নং ৫, আর এস নং ১১, তৌজি নং ১৭২, হোল্ডিং নং ৩১৮, বকুলতলা, থানা– খড়দহ, ওয়ার্ড নং ৫, খড়দহ মিউনিসিপ্যালিটির এলাকাধীন, জেলা– উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ। চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর– সিঁড়ি ও লিফ্‌ট; দক্ষিণ– পাশের উন্মুক্ত স্থান; পূর্ব– ফ্ল্যাট নং ৪বি; পশ্চিম– পাশের উন্মুক্ত স্থান।	₹ ১১,২০,০০০/–	₹ ১,১২,০০০/–	১২.১১.২৬	₹ ১০,০০০/–	০২.১১.২৬ সকাল ১০টা থেকে বিকেল ৫টা ৩০ মিনিট	১৩.১১.২৬ দুপুর ২টো থেকে দুপুর ৩টে	জানা নেই
HOU/ KOL/ 0318/ 511880 শাখা অফিস: কলকাতা অজয় প্রতাপ সিং চহ্বাণ / নেহা সিং	₹ ৩২,০৬,৭৪৪.৫৭ ১৪.০৭.২০২৫ অনুযায়ী	বাস্তবিক দখল	উপরিস্থিত জি+৪ তলবিশিষ্ট বিল্ডিং সমেত সামান্য কমবেশি ৪ কাঠা ১ ছটাক ৩৪ বর্গফুট বাস্তু জমির অবিভক্ত সমানুপাতিক অংশ পরিমাণ সমেত এই বিল্ডিংয়ের ফার্স্ট ফ্লোরে দক্ষিণ ভাগে সামান্য কমবেশি ১২৫০ বর্গফুট বিল্ট আপ এরিয়া বিশিষ্ট (১৫০০ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়ার সমতুল) ও মোজেইকের মেঝে দেওয়া আবাসিক ফ্ল্যাট নং ১০১–এর অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: হোল্ডিং নং ৪১/১, জেলিয়াপাড়া লেন, সালকিয়া, থানা– গোলাবাড়ি, পিন–৭১১১০৬, জেলা– হাওড়া, হাওড়া পুরনিগমের ১২ নং ওয়ার্ড, ডিস্ট্রিক্ট রেজিস্ট্রি অফিস– হাওড়া। চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর– হোল্ডিং নং ৪১, জেলিয়াপাড়া লেন; দক্ষিণ– হাওড়া পুরনিগমের ড্রেন, তারপরে জেলিয়াপাড়া লেন; পূর্ব– হোল্ডিং নং ৪১, জেলিয়াপাড়া লেন; পশ্চিম– হাওড়া পুরনিগমের ওয়ার্ড অফিস।	₹ ৩৫,৪৫,০০০/–	₹ ৩,৫৪,৫০০/–	১২.১১.২৬	₹ ১০,০০০/–	০২.১১.২৬ সকাল ১০টা থেকে বিকেল ৫টা ৩০ মিনিট	১৩.১১.২৬ দুপুর ২টো থেকে দুপুর ৩টে	জানা নেই

* তৎসহ পরিশোধের তারিখ পর্যন্ত এবং/বা পরবর্তীতে আদায়ীকৃত অর্থাঙ্ক বাদে বার্ষিক ১৮% হারে প্রযোজ্যমতো সুদ, আনুষঙ্গিক খরচ, মাশুল, চার্জ ইত্যাদি। ** পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড–এর অনুমোদিত আধিকারিকের সেরা জ্ঞান ও তথ্যানুসারে উপরিলিখিত স্থাবর/ সুরক্ষিত পরিসম্পদের ওপর অন্য কোনও দায়/ দাবি বকেয়া নেই (কলাম নং 'K'–তে উল্লিখিত বাদে)। পরবর্তী যাবতীয় দায় সফল ক্রেতা/ডাকদাতাকেই আদায় দিতে হবে। উল্লিখিত দায়গুলির পরিস্থিতি স্বাধীনভাবে যাচাই করে নেওয়ার জন্য সম্ভাব্য ক্রেতা(গণ)/ ডাকদাতাদের প্রতি অনুরোধ জানানো হচ্ছে। [১] আজকের তারিখ পর্যন্ত উপরিলিখিত স্থাবর সম্পত্তি/ সুরক্ষিত পরিসম্পদ বিক্রি, দায় ঝেড়ে ফেলা ও/বা হস্তান্তর করায় পিএনবি এইচএফএল/ পিএনবি এইচএফএল–এর অনুমোদিত আধিকারিকের প্রতি নিষেধাজ্ঞা জারি করে কোনও আদেশ/ আদালতের স্থিতাবস্থা জারির নির্দেশ নেই। [২] নিজেদের দরপত্র/ বিড অ্যাপ্লিকেশন ফর্ম জমা দেওয়া বা দরপ্রস্তাব(সমূহ) পেশের আগে সম্ভাব্য ক্রেতা/ ডাকদাতা এবং আগ্রহী পক্ষগণ ওপরের টেবিলে কলাম নং 'K'–তে উল্লিখিত মামলা/ জারিকৃত আদেশের প্রেক্ষিতে শুনানি স্বাধীনভাবে পর্যবেক্ষণ করতে পারেন এবং এগুলি বাদেও তাঁরা পিএনবি এইচএফএল–এর জিম্মায় থাকা সম্পত্তির নথিপত্র ও স্বত্ব যাচাই করে নিজেরা নিঃসন্দেহ হয়ে নিতে পারেন। বিড ফর্মের পাশাপাশি ডাকদাতা(গণ)–কে এই নিলামের শর্ত ও নিয়মাবলিতেও স্বাক্ষর করতে হবে। [৩] অনুগ্রহপূর্বক খেয়াল রাখবেন যে, সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৯(৩)–এর শর্তানুসারে ডাকদাতা(গণ)/ ক্রেতা নিলামের দিনেই বা সর্বাধিক পরবর্তী কাজের দিনের মধ্যে বিক্রয়মূল্যের ২৫% অর্থাঙ্ক (জমাকৃত ইএমডি ধরে, যদি থাকে) আদায় দিতে বাধ্য। সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৯(২) অনুযায়ী সুরক্ষিত ঋণদাতা বিক্রয়মূল্যের ২৫% অর্থাঙ্ক বুঝে পাওয়ার পরে সফল ক্রেতার/ ডাকদাতার অনুকূলে বিক্রয় চূড়ান্ত করা হতে পারে। ক্রেতাকে বিক্রয়মূল্যের বাকি ৭৫% অর্থাঙ্ক আদায় দিতে হবে বিক্রি নিস্পত্তির চিঠি প্রাপ্তির ১৫ দিনের মধ্যে এবং এরূপে অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হলে সম্পত্তি/ সুরক্ষিত পরিসম্পদ পুনরায় বিক্রি করা হবে। [৪] ই–নিলামের মাধ্যমে বিক্রি পরিচালনায় অনুমোদিত আধিকারিকের সহায়তায় থাকবে **মেসার্স সি১ ইন্ডিয়া প্রাঃ লিঃ,** কর্পোরেট অফিসের ঠিকানা: প্লট নং ৬৮, ফ্লোর নং ৩, সেক্টর ৪৪, গুড়গাঁও, হরিয়ানা– ১২২০০৩, ওয়েবসাইট: www.bankeauctions.com। সম্পত্তি পরিদর্শন বা বিড ডকুমেন্ট সংগ্রহ সংক্রান্ত কোনও সহায়তার প্রয়োজনে এবং রেজিস্ট্রেশন সম্পর্কিত কোনও প্রশ্নের ব্যাখ্যা পেতে আপনারা এখানে যোগাযোগ করতে পারেন: পিএনবিএইচএফএল–এর অনুমোদিত ব্যক্তি মিঃ ইন্দ্র সেন যাদব, টোল ফ্রি নম্বর: ১৮০০ ১২০ ৮৮০০, ই–মেল: auction@pnbhousing.com অথবা www.pnbhousing.com দেখতে পারেন।

স্থান: কলকাতা; তারিখ: ২৪.১০.২০২৬
অনুমোদিত আধিকারিক, মেসার্স পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড

ইন্ডিয়ান ব্যাঙ্ক Indian Bank
ইলাহাবাদ ALLAHABAD

স্ট্রেসড অ্যাসেটস ম্যানেজমেন্ট লার্জ (এসএএমএল)
কলকাতা শাখা, ১৪, ইন্ডিয়া এক্সচেঞ্জ প্লেস, ফার্স্ট ফ্লোর,
ইন্ডিয়ান ব্যাঙ্ক বিল্ডিং, কলকাতা–৭০০০০১
ই–মেল: samlkolkata@indianbank.bank.in
ফোন: (০৩৩) ২২৩১ ১৪৭১

স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি

পরিশিষ্ট IV–A [রুল ৮(৬) ও ৯(১)–এর সংস্থানসমূহ দ্রষ্টব্য]

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬) ও ৯(১)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।

এতদ্দ্বারা জনসাধারণ–সহ বিশেষত **ইন্ডিয়ান ব্যাঙ্ক, স্ট্রেসড অ্যাসেটস ম্যানেজমেন্ট লার্জ ব্রাঞ্চ কলকাতা (সুরক্ষিত ঋণদাতা)**–এর কাছে বন্ধক রাখা/দায়বদ্ধ ও নীচে বর্ণিত স্থাবর সম্পত্তি সম্পর্কিত ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক **মেসার্স সাত্বিক প্রোডাকশন প্রাইভেট লিমিটেড (অ্যাকাউন্ট/ ঋণগ্রহীতার নাম), মিঃ সুধাংশু সুমন (ডিরেক্টর/ জামিনদার/ বন্ধকদাতা),** পিতা– শ্রী সতীশ নাথ সহায়; **মিসেস নিভা রঞ্জন সুমন (ডিরেক্টর/ জামিনদার),** স্বামী– মিঃ সুধাংশু সুমন, ডাঃ জি কে মিশ্র রোড, নবাবগঞ্জ, হাজারিবাগ, ঝাড়খণ্ড, পিন–৮২৫৩০১–এর থেকে ২১.১০.২০২৬ তারিখের ভিত্তিতে **ইন্ডিয়ান ব্যাঙ্ক, স্ট্রেসড অ্যাসেটস ম্যানেজমেন্ট লার্জ ব্রাঞ্চ কলকাতা (সুরক্ষিত ঋণদাতা)**–এর পাওনা বাবদ ₹৯,৩৪,৮৭,১২২.০০ (নয় কোটি চৌত্রিশ লক্ষ সাতাশি হাজার একশো বাইশ টাকা মাত্র), তৎসহ পরবর্তীতে উদ্ভূত সুদ, মাশুল, অন্যান্য চার্জ ও খরচাপাতি পুনরুদ্ধারের জন্য এখানে নীচে বর্ণিত স্থাবর সম্পত্তির **বাস্তবিক দখল** নিয়েছেন যা **১৬.১১.২০২৬** তারিখে **'যেখানে আছে', 'যা কিছু আছে'** এবং **'যেমন আছে'** ভিত্তিতে বিক্রি করা হবে।
ই–নিলাম উপায়ে বিক্রির জন্য নির্ধারিত সম্পত্তির নির্দিষ্ট বিবরণ এখানে নীচে উল্লেখ করা হয়েছে:

ক্রম নং	ক) অ্যাকাউন্ট/ ঋণগ্রহীতা/ জামিনদার/ বন্ধকদাতার নাম ও ঠিকানা খ) ব্রাঞ্চের নাম	স্থাবর সম্পত্তির বিশদ বিবরণ	সুরক্ষিত ঋণদাতার পাওনা অর্থাঙ্ক	ক) সংরক্ষণ মূল্য খ) ইএমডি অর্থাঙ্ক গ) বিড বাড়ানোর মূল্য ঘ) প্রপার্টি আইডি ঙ) সম্পত্তির ওপর দায় চ) দখলের প্রকৃতি
১	ক) **মেসার্স সাত্বিক প্রোডাকশন প্রাইভেট লিমিটেড (অ্যাকাউন্ট/ ঋণগ্রহীতার নাম)** ডাঃ জি কে মিশ্র রোড, নবাবগঞ্জ, হাজারিবাগ, ঝাড়খণ্ড, পিন–৮২৫৩০১ **বিকল্প ঠিকানা: রাঁচি এক্সপ্রেস (কার্যকর অফিস),** প্রযত্নে– সাত্বিক প্রোডাকশন প্রাঃ লিঃ, গ্রাউন্ড ফ্লোর, কুশওয়াহা কমপ্লেক্স, বুটি মোড়ের কাছে, বারিয়াতু, রাঁচি, ঝাড়খণ্ড, পিন–৮৩৪০০৯ **বিকল্প ঠিকানা:** ১৭/১৮/১০, শশীভূষণ সরকার লেন, সাহু সমাজ শিবমন্দিরের কাছে, হাওড়া, পিন–৭১১১০৬ **মিঃ সুধাংশু সুমন (ডিরেক্টর/ জামিনদার/ বন্ধকদাতা)** পিতা– মিঃ সতীশ নাথ সহায় 'নিভা ভিলা', ডাঃ জি কে মিশ্র রোড, নবাবগঞ্জ, হাজারিবাগ, ঝাড়খণ্ড, পিন–৮২৫৩০১ **বিকল্প ঠিকানা:** এস এস বড়লাল স্ট্রিট, আপার বাজার, রাঁচি, ঝাড়খণ্ড, পিন–৮৩৪০০১ **বিকল্প ঠিকানা:** ফ্ল্যাট নং ৩০১, বালাজি ব্লিস, প্রেমসন্স মোটরের ওপরে, বারিয়াতু, রাঁচি, ঝাড়খণ্ড, পিন–৮৩৪০০৯ **বিকল্প ঠিকানা:** প্রযত্নে– রাঁচি এক্সপ্রেস ডেলি–র চেয়ারম্যান ৫/১৪, আইএনএস বিল্ডিং, রফি মার্গ, নতুন দিল্লি–১১০০০১ **বিকল্প ঠিকানা:** ডিএসআইডিসি কমপ্লেক্স, 'এ' ব্লক, নন্দ নগরী, ১৭, দিল্লি–১১০০৯৩ **বিকল্প ঠিকানা:** খতিয়ান নং ৭, 'এ' ব্লক, প্রতাপ নগর, ১৭, দিল্লি–১১০০৯৩ **মিসেস নিভা রঞ্জন সুমন (ডিরেক্টর/ জামিনদার)** স্বামী– মিঃ সুধাংশু সুমন 'নিভা ভিলা', ডাঃ জি কে মিশ্র রোড, নবাবগঞ্জ, হাজারিবাগ, ঝাড়খণ্ড, পিন–৮২৫৩০১ **বিকল্প ঠিকানা:** ৯৭, পার্ট খতিয়ান নং ৫১, রেডি হাউস, মৌজা– নওয়াদা, চম্পা, ওয়ার্ড নং ১৪, মৌজা নং ১৩৯, নবাবগঞ্জ, হাজারিবাগ, ঝাড়খণ্ড, পিন–৮২৫৩০১ খ) স্ট্রেসড অ্যাসেটস ম্যানেজমেন্ট লার্জ ব্রাঞ্চ কলকাতা	১৪ ডেসিমেল মাপের বাস্তু জমিতে নির্মিত 'নিভা ভিলা' নামক দোতলা আবাসবাড়ির অপরিহার্য সমগ্র পরিমাণ যার অবস্থান: মৌজা– নওয়াদা, নতুন খাতা নং ৫১/১৬৯ (পুরনো খাতা নং ৫১), প্লট নং ৯২, ৯৫ ও ৯৭, ওয়ার্ড নং ১৪, ডাঃ জি কে মিশ্র রোড, মহল্লা– নবাবগঞ্জ, অঞ্চল, পোঃঅঃ ও থানা– হাজারিবাগ সদর, জেলা– হাজারিবাগ, হাজারিবাগ পুরসভার এলাকাধীন, জিলা সাব রেজিস্ট্রি অফিস– হাজারিবাগে রেজিস্টার্ড ২০১০ সালের দলিল নং ১০১৪৪ অনুযায়ী সম্পত্তির স্বত্বাধিকারী সুধাংশু সুমন। সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর– অশোক ভাণ্ডারী ও অন্যরা; দক্ষিণ– দক্ষিণ দিক বরাবর বিক্রেতার প্লট নং ৯৭ সংবলিত ২ ডেসিমেল জমির অবশিষ্টাংশ, তারপরে মেন রোড; পূর্ব– জয়বীর প্রসাদ অ্যাডভোকেট এবং গণেশ গণঝু; পশ্চিম– ক্রয় করা জমি থেকে ক্রেতার তরফে ছেড়ে দেওয়া রাস্তা এবং লোহার গ্রিল দেওয়া উঁচু বাউন্ডারি ওয়াল, তারপরে মনোজ ভাণ্ডারী।	₹৯,৩৪,৮৭,১২২.০০ (নয় কোটি চৌত্রিশ লক্ষ সাতাশি হাজার একশো বাইশ টাকা মাত্র), ২১.১০.২০২৬ অনুযায়ী, তৎসহ পরবর্তীতে উদ্ভূত সুদ ও মাশুল	ক) ₹৫,৫০,০০,০০০.০০ (*) (পাঁচ কোটি পঞ্চাশ লক্ষ টাকা মাত্র) খ) ₹৫৫,০০,০০০.০০ (পঞ্চান্ন লক্ষ টাকা মাত্র) গ) ₹১,০০,০০০.০০ (এক লক্ষ টাকা মাত্র) ঘ) IDIB30522933463 ঙ) ব্যাঙ্কের জানা নেই চ) বাস্তবিক দখল সম্পত্তির জন্য কিউ আর কোড স্ক্যান করুন

যোগাযোগের ব্যক্তি: মৃত্যুঞ্জয় প্রসাদ সিং (অনুমোদিত আধিকারিক), মোবাইল: ৮০১৭০ ০৭৬৩২

(*) বিক্রয়মূল্য অবশ্যই নির্ধারিত সংরক্ষণ মূল্য অপেক্ষা বেশি হতে হবে

**পরিদর্শনের তারিখ: ০২.১১.২০২৬ থেকে ১৩.১১.২০২৬; সময়: সকাল ১১টা থেকে বিকেল ৪টে
ই–নিলামের তারিখ ও সময়: তারিখ: ১৬.১১.২০২৬; সময়: সকাল ১১টা থেকে বিকেল ৪টে
ই–নিলাম পরিষেবা প্রদানকারীর প্ল্যাটফর্ম: https://baanknet.com**

অনলাইন বিডে অংশ নেওয়ার জন্য বিডারগণকে আমাদের ই–নিলাম পরিষেবা প্রদানকারী সংস্থা পিএসবি অ্যালায়েন্স প্রাঃ লিঃ–এর ওয়েবসাইট (https://baanknet.com) দেখার পরামর্শ দেওয়া হচ্ছে। প্রযুক্তিগত সহায়তার প্রয়োজন হলে অনুগ্রহপূর্বক **পিএসবি অ্যালায়েন্স প্রাঃ লিঃ–এর ৮২৯১২ ২০২২০** হেল্পলাইন নম্বরে অথবা সার্ভিস প্রোভাইডারের হেল্পডেস্কে উপলব্ধ অন্যান্য হেল্পলাইন নম্বরে কথা বলুন (ই–মেল: **support.baanknet@psballiance.com**)। রেজিস্ট্রেশন স্ট্যাটাস এবং ইএমডি স্ট্যাটাস জানার জন্য অনুগ্রহপূর্বক **support.baanknet@psballiance.com** মেল আইডি–তে যোগাযোগ করবেন।
সম্পত্তির বিশদ তথ্যাবলি এবং সম্পত্তির ছবি সমেত নিলামের শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক **https://baanknet.com** ওয়েবসাইট দেখুন এবং এই পোর্টাল সম্পর্কিত প্রশ্নের ব্যাখ্যা পেতে অনুগ্রহপূর্বক এই **হেল্পডেস্ক নম্বরে যোগাযোগ করবেন: ৮২৯১২ ২০২২০।**
https://baanknet.com ওয়েবসাইটে এই সম্পত্তিগুলি খোঁজার সময় বিডারগণকে ওপরে উল্লেখমতো সম্পত্তির আইডি নম্বর ব্যবহারের পরামর্শ দেওয়া হচ্ছে।

দ্রষ্টব্য: সম্পর্কিত ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ)/ বন্ধকদাতা(গণ)/ ডিরেক্টর(গণ)–এর প্রতিও এটি একটি নোটিস

তারিখ: ২৩.১০.২০২৬ / স্থান: কলকাতা
অনুমোদিত আধিকারিক / ইন্ডিয়ান ব্যাঙ্ক